

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩২.০০২.১৯./৪৪২৫/০৬

তারিখ: ২০/১০/২০১৯ খ্রি।

বিষয়: মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন।

সূত্র: ১. বগুড়া জেলার সরকারি শাহ সুলতান কলেজের স্মারক নং-সশাসুক/বগ/২০১৯/২২৭৭, তারিখ: ২৩/০৯/২০১৯ খ্রি.


২. শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৯১.২০.০০৭.১৫-৪৩৪, তারিখ: ০৪/০৮/২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সদর উপজেলাধীন সরকারি শাহ সুলতান কলেজের অধ্যক্ষ বেসরকারি কলেজের প্রভাষক(তৃতীয় পদ) ও গ্রন্থাগারিক পদে লোকবল নিয়োগের উদ্দেশ্যে নিয়োগ বোর্ডে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের বিষয়ে নির্দেশনা কামনা করে আবেদন করেন।

শিক্ষা মন্ত্রণালয় হতে ০৪/০৮/২০১৬ খ্রি. তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ এর বিষয়ে প্রথম পর্যায়ে এন্ট্রি লেভেলে শিক্ষক পদে নিয়োগের নিমিত্ত মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পরিপত্র জারি করা হয় (সূত্রোক্ত পত্র-২)। পরিপত্রে বলা হয় “কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি ২১ অক্টোবর ২০১৫ খ্রি. তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রম এর বিজ্ঞপ্তি প্রকাশ করে থাকে তা চলমান থাকতে পারে এবং বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) উক্ত পদে নিয়োগ কার্যক্রম গ্রহণ করবে না। উক্ত তারিখের পূর্বে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির ভিত্তিতে চলমান কার্যক্রম বিভিন্নরূপ বিভ্রান্তির কারণে বাধাগ্রস্ত হয়েছে। সে ক্ষেত্রে এন্ট্রি লেভেলে শিক্ষক পদে নিয়োগ কার্যক্রম অধিক সময় লাগা অস্বাভাবিক নয়। তাই আবশ্যিকভাবে ডিসেম্বর, ২০১৬ খ্রি. তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে”।

বেসরকারি কলেজে এন্ট্রি লেভেলে শিক্ষক (প্রভাষক, প্রদর্শক, শরীরচর্চা শিক্ষক) নিয়োগে ডিসেম্বর, ২০১৬ খ্রি. তারিখের পর গভর্নিং বডি কর্তৃক নিয়োগ কার্যক্রম পরিচালনার কোন এখতিয়ার নেই। তবে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির অশিক্ষক কর্মচারী নিয়োগ এর কার্যক্রম গভর্নিং বডি পরিচালনা করতে পারবেন। এ সকল পদে নিয়োগের উদ্দেশ্যে নিয়োগ বোর্ডে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দিতে পারবেন।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক(কলেজ-২)
ফোন নং- ৯৫৫৭৬৯১

ই-মেইল: ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, সদর, বগুড়া।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সকল।
- ২। অধ্যক্ষ, সরকারি কলেজ, সকল।
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, বেসরকারি কলেজ, সকল।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সকল।
- ৫। অধ্যক্ষ, বেসরকারি কলেজ, সকল।
- ৬। জেলা শিক্ষা অফিসার, সকল।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
- ৮। সংরক্ষণ নথি।